জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nha.gov.bd

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.৩১.২৩৯.১৭.৪৪৫

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩২
২৯ এপ্রিল, ২০২৫

## অফিস আদেশ

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকতা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭(খ) এবং ৩৭(চ) ধারা মোতাবেক অসদাচরণ এবং প্রতারণার অভিযোগে জনাব শওকত আহমেদ, অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর এর বিরুদ্ধে ০৩/২০২৩ নং বিভাগীয় মোকদ্দমা রুজু হয়। প্রবিধান মোতাবেক তার বিরুদ্ধে অভিযোগ বিবরণী ও অভিযোগ নামা প্রেরণ করা হয়।

মামলার গুরুত্ব বিবেচনা করে অভিযুক্তকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। নির্ধারিত সময়ে জবাব না দিয়ে তিনি সময় বৃদ্ধির আবেদন করেন। সময় বাড়ানো হলে তিনি জবাব দাখিল করেন। জবাব দাখিল করে তিনি ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন। ব্যক্তিগত শুনানীতে তিনি অভিযোগ অস্বীকার করেন। বিভাগীয় মামলাটিতে অগ্রসর হবার পর্যাপ্ত ভিত্তি থাকায় অভিযোগটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় উপ-পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা) জনাব আর এম সেলিম শাহনেওয়াজ কে এবং মামলা পরিচালনাকারী কর্মকর্তা নিয়োগ করা হয় জনাব মোঃ মুশফিকুল ইসলাম উপ-পরিচালক-কে। তদন্তকারী কর্মকর্তা তদন্ত করে প্রতিবেদন দাখিল করেন।

উক্ত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব শওকত আহমেদ এর বিরুদ্ধে আনীত জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকতা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭(খ) এবং ৩৭(চ) এর অসদাচরণ ও প্রতারণার অভিযোগ প্রমাণিত হয়েছে। অভিযুক্ত কর্মচারী আবেদনের শর্ত মোতাবেক ২য় শ্রেণীতে উত্তীর্ণের সনদ না দিয়ে ৩য় শ্রেণীতে উত্তীর্ণের সনদ দাখিল করেছেন। এতে তিনি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭(চ) প্রবিধানমালা প্রতারণার অপরাধ করেছেন যা তদন্তে প্রমাণিত হয়েছে। অভিযুক্ত কর্মচারীর এহেন কর্মের জন্য গুরুদণ্ডই প্রাপ্য এবং তাকে উক্ত প্রবিধানমালার ৩৮(১)(খ)(ই) প্রবিধানের চাকুরী হতে অপসারণ দণ্ড আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। যেহেতু অভিযোগের সত্যতা প্রমাণিত হয় সেহেতু বিভাগীয় মোকদ্দমার পরবর্তী পদক্ষেপ হিসেবে অভিযুক্তকে কারণ দর্শানোর নোটিশ দেয়া হয় এবং তদন্ত প্রতিবেদনের একপ্রস্থ অভিযুক্তের নিকট প্রেরণ করা হয়। দ্বিতীয় কারণ দর্শানের জবাব দাখিলের জন্য তিনি সময় প্রার্থনা করেন। সময় পার হয়ে গেলেও তিনি জবাব দাখিল করেননি।

উপরোক্ত আলোচনা হতে এটি প্রমাণিত যে, অভিযুক্ত কর্মচারী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭ (খ) ও ৩৭ (চ) প্রবিধান মোতাবেক অসদাচরণ ও প্রতারণা করেছেন। তার এহেন কর্মকান্ড চরম গর্হিত এবং এ জন্য তিনি প্রস্তাবিত গুরুদণ্ড অর্থাৎ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর প্রবিধান ৩৮ (খ) অনুযায়ী 'চাকুরী হতে অপসারণ' দন্ডই তার প্রাপ্য এবং সে কারণে অভিযুক্ত কর্মচারীর অসদাচরণ ও প্রতারণার দায়ে 'চাকুরী হতে অপসারণ' দন্ড আরোপের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হল।

অতএব আদেশ হয় যে,
যেহেতু জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর অভিযোগ জনাব শওকত আহমেদ এর বিরুদ্ধে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭ (খ) ও ৩৭ (চ) প্রবিধান মোতাবেক অসদাচরণ ও প্রতারণার অভিযোগে বিভাগীয় মোকদ্দমা নং ০৩/২০২৩ রুজু করা হয় এবং অভিযোগ নামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত পূর্বক অভিযুক্ত কর্মচারীর উপর জারি করা হয়। বিভাগীয় মোকদ্দমা ০৩/২০২৩ রুজু করা হয়।

এবং যেহেতু, অভিযুক্ত কর্মচারী আত্মপক্ষ সমর্থনে লিখিত বক্তব্য দাখিল করেন;

এবং যেহেতু, আনীত অভিযোগ সমূহ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত শেষে বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন;

এবং যেহেতু, তদন্তে অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৩৭(খ) ও ৩৭(চ) প্রবিধান অনুযায়ী অসদাচরণ ও প্রতারণার অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং যেহেতু, উক্ত অভিযুক্ত কর্মচারী ৩৮ (খ)(ই) প্রবিধান মোতাবেক চাকুরী হতে অপসারণ দণ্ড আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত অপসারণ দণ্ড আরোপের সিদ্ধান্ত অভিযুক্তকে জানিয়ে দেয়া হয়েছে এবং প্রস্তাবিত উক্ত দণ্ড কেন আরোপ করা হবে না এ মর্মে ৭ (সাত) কার্য দিবসের মধ্যে কারণ দর্শাতে বলা হয়েছে;

এবং যেহেতু, অভিযুক্ত কর্মচারী নির্দিষ্ট সময়ে জবাব দাখিল করেননি ও মঞ্জুরকৃত অতিরিক্ত সময়ের মধ্যেও জবাব দাখিল করেননি।

এবং যেহেতু, কারণ দর্শানোর জবাব ও তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে অভিযুক্তের বিরুদ্ধে ৩৭(খ) ও ৩৭(চ) প্রবিধান মোতাবেক অসদাচরণ ও প্রতারণার অভিযোগ প্রমাণিত ও প্রতিষ্ঠিত হওয়ায় অভিযুক্ত কর্মচারী ৩৭(খ) ও ৩৭(চ) প্রবিধানে অসদাচরণ ও প্রতারণা দায়ে দোষী সাব্যস্ত করা হয়েছে;

এবং যেহেতু, অভিযুক্ত কর্মচারীকে তার অসদাচরণ ও প্রতারণার দায়ে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০০৫ এর প্রবিধান ৩৮(খ)(ই) এর "চাকুরী হতে অপসারণ" দণ্ড আরোপ করার চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

সেহেতু, জনাব শওকত আহমেদ, অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (কর্মকর্তা-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৫ এর ৪১(৭) প্রবিধান মোতাবেক চাকুরী হতে অপসারণ করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(সৈয়দ মোঃ নুরুল বাসির)
চেয়ারম্যান
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
৮২, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং- ২৫.৩৮.০০০০.৩০২.৩১.২৩৯.১৭.৪৪৫

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩২
২৯ এপ্রিল, ২০২৫

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল:

১। সদস্য (প্রশাসন ও অর্থ)/(প্রকৌশল ও সমন্বয়)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ে সদয় অবগতির জন্য)
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয় ও উন্নয়ন)/(ঢাকা সার্কেল)/(রাজশাহী সার্কেল)/(চট্টগ্রাম সার্কেল)/(পরিকল্পনা নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ।
৪। পরিচালক (ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৫। উপ-পরিচালক (অর্থ ও হিসাব), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
৬। জনাব শওকত আহমেদ, অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর (সাময়িক বরখাস্ত), নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২, (সংযুক্ত: ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।)
৭। জনাব শওকত আহমেদ, পিতা: সৈয়দ আহমদ, গ্রাম: হারাইরপাড়া, ডাকঘর: শোরসাক, থানা: শাহরাস্তি, জেলা: চাঁদপুর।
৮। অফিস কপি।

(মোঃ মুশফিকুল ইসলাম)
উপ-পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।